



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং-এসইসি/মুখপাত্র/২০১১/১০৮৪

তারিখ: ২১-১০-২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

পুঁজিবাজারের বিনিয়োগকারী তথা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে একটি মহল ফেসবুক, এসএমএসসহ বিভিন্ন ভাবে গুজব ছড়িয়ে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের বিভ্রান্ত করে পুঁজিবাজারকে প্রভাবিত করছে মর্মে অভিযোগ রয়েছে যা বিদ্যমান সিকিউরিটিজ আইনের পরিপন্থি।

এক্ষেত্রে ফেসবুক, এসএমএস কিংবা অন্য কোন অসমর্থিত সূত্র থেকে ছড়ানো গুজবের ভিত্তিতে বিনিয়োগ করা হলে বিনিয়োগকারীদেরকে ভয়াবহ ক্ষতির সম্মুখীন হতে হয়। তাই ফেসবুক, এসএমএস কিংবা অন্য কোন অসমর্থিত সূত্র থেকে ছড়ানো গুজবের ভিত্তিতে বিনিয়োগ না করে কোম্পানির মৌলভিত্তি পর্যালোচনা করে বিনিয়োগের পরামর্শ দেয়া যাচ্ছে।

একই সাথে যারা পুঁজিবাজারে উল্লেখিত সিকিউরিটিজ আইনের পরিপন্থি কর্মকাণ্ডের মাধ্যমে বাজার ভারসাম্য বিনষ্ট করার অপচেষ্টায় লিপ্ত তাদেরকে অনুরূপ কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য সতর্ক করা যাচ্ছে। অন্যথায় তাদের বিরুদ্ধে সিকিউরিটিজ আইনের আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র